



United Nations
Educational, Scientific and
Cultural Organization



মানবিক বৈশিষ্ট্য
Department of Micro, Small &
Medium Enterprises & Textiles
Government of West Bengal



Rural Craft & Cultural Hubs
of West Bengal



ঘুঘুমারির
শীতলপাটি
কোচবিহার



কোচবিহারের শীতলপাটি এই জেলার অন্যতম ঐতিহ্য। গ্রীষ্মদিনের আরামদায়ক এই সঙ্গীটির কদর এই শীতাতপ নিয়ন্ত্রক ঘন্টের রমরমার কালেও এতটুকুও কমেনি। আজও দেশের বিভিন্ন প্রান্তে পৌঁছে যাচ্ছে কোচবিহারের শীতলপাটি। মূর্তা নামে বেত-জাতীয় একরকম গাছের কাণ্ড থেকে বের করা আঁশই শীতলপাটি তৈরির উপকরণ। পাটি তৈরির এই শিল্পটি পরিবার-ভিত্তিক। বাড়ির সবাই সময়-সুযোগ মতো এই কাজে হাত লাগান।


কীভাবে তৈরি হয়

মূর্তা নামে একটি জলজ গুল্মের ডালগুলি কেটে বেতের ফালি তৈরি হয়। পাটি তৈরি হয় এই বেতের ফালিগুলিকে বুনে। বেশিরভাগ বুননই হয় কোনাকুনি। ফালির খোলা ধারগুলো মুড়ে পাশের ফালিটির খোলা ধারের সঙ্গে জুড়ে দেওয়া হয়, এর নাম 'মুড়িবান্ধা'। এরপর পাটিগুলি এক রাত খোলা আকাশের নিচে শিশির পড়ে নরম হওয়ার জন্য রেখে দেওয়া হয়। এভাবেই তৈরি হয় শীতলপাটি। ঘৃঘৃমারিতে পাটি হাট বসে প্রতি সোম এবং বৃহস্পতিবার-যেখানে শিল্পীরা এসে তাদের পাটি বিক্রি করেন।



শীতলপাটির গ্রাম

কোচবিহার শহর ছাড়িয়ে তোর্সা নদী পেরোলেই ঘূঘুমারি। ঘূঘুমারি ও তার সংলগ্ন গ্রামগুলিতে প্রায় 18,000 পরিবার এই কাজে যুক্ত আছেন। বেশিরভাগ পরিবারই বর্তমান বাংলাদেশের টাঙ্গাইল, মৈমনসিং, নোয়াখালি থেকে বাংলা ভাগের পর এখানে চলে এসে বসতি গড়েছেন। পাটি তৈরির উপকরণ মুর্তা গাছের চাষও এই অঞ্চলে প্রচুর পরিমাণে হয়।



কি কি হয়

শয়্যা হিসেবে ব্যবহারের জন্য সাধারণ শীতলপাটি তৈরি হয় প্রচুর সংখ্যায়। তার ওপর নানানরকম সূক্ষ্ম কারুকাজ বা ডিজাইনও ফুটিয়ে তোলা হয়। এই শিল্পও তার সীমাবদ্ধতাকে অতিক্রম করেছে। বর্তমানে তৈরি হচ্ছে ডায়াভার্সিফায়েড বিভিন্ন প্রোডাক্ট। বিভিন্নরকম ব্যাগ, পার্স, টুপি, জুতো-সহ ঘর সাজানোর হোকে উপকরণ।



দেশের গর্ব ঘুঘুমারি

ঘুঘুমারি ও সংলগ্ন অঞ্চলে শীতলপাটির কাজ করে রাষ্ট্রপতি ও রাজ্যস্তরের পুরস্কারও পেয়েছেন কেউ কেউ। দেশের গভি ছাড়িয়ে বিদেশের মাটিতেও পৌঁছে যাচ্ছে শীতলপাটি ও তা থেকে তৈরি প্রোডাক্ট। যাচ্ছেন শিল্পীরাও। ঘুঘুমারির শীতলপাটি শিল্প পেয়েছে AIACA প্রদত্ত ক্রাফটমার্ক। তাই ঘুঘুমারি আজ আর শুধু কোচবিহার জেলার নয়, রাজ্য তথা দেশের গর্ব।



নতুন প্রজন্মের জন্য

নতুন প্রজন্মের ছাত্রছাত্রীদের শীতলপাটি তৈরির ঐতিহ্য সম্পর্কে জানা থাকলে তারা সমন্বয় হবে। একটি সমন্বয়শালী ঐতিহ্যের সঙ্গে পরিচিত হওয়ার যে গর্ব সেই অভিজ্ঞতার শরিক হলে তারাও গর্বিত হবে। স্কুল বা কলেজের ছাত্রছাত্রীরা একটা দিনের কিছুটা সময় শিক্ষক-শিক্ষিকাদের তত্ত্বাবধানে কাটিয়ে যেতে পারেন শীতলপাটির গ্রাম ঘুঘুমারিতে। এখানকার পাটির হাটে রয়েছে কোচবিহার-১ নং ব্লক পাটিশিল্প সমবায় সমিতি লিমিটেড। এখানে এই শিল্পের একটি সংগ্রহশালা রয়েছে। যেখানে প্রাচীন ঐতিহ্যের ও বর্তমানের বেশ কিছু নমুনা দেখার সুযোগ মিলবে। পাশাপাশি গ্রাম ঘুরে শিল্পীদের কাজ করতে দেখার সুযোগ মিলবে। বলা যাবে কথাবার্তাও। ঐতিহ্যবাহী ও বর্তমান একটি শিল্পকর্মের পরিবেশে শুধু সময় কাটানো নয়, শিক্ষা লাভেরও সুযোগ পাবে শিক্ষার্থীরা।




পর্যটকরা আসুন

কোচবিহার রাজবাড়ি বা চিলাপাতার জঙ্গল দেখার অবকাশে
পর্যটকদের স্বাগত জানায় শীতলপাটির গ্রাম ঘূঘুমারি।
আপনারা আসুন। এখানে থাকা-খাওয়ার ব্যবস্থাও রয়েছে।

কীভাবে আসবেন

কোচবিহার স্টেশন বা বাস স্ট্যান্ড থেকে গাড়ি, বাস, অটোয়
সহজেই পৌছানো যায় এখানে। তারপর সময় কাটিবে বর্ণময়
ও বৈচিত্র্যময় একটি ঐতিহ্যের সঙ্গে।



শিল্পীদের ফোন নম্বর

গীতারানি পাল	9832585627
গোবিন্দ দে	9851345748
গোবিন্দ সরকার	9851185527
গৌরাঙ্গ দে	9749270832
জুরান দে	9547568174
জ্যোৎস্না দত্ত	9733102883
মনীন্দুচন্দ্র দে	8389991824
প্রদীপ কুমার দে	9832616155
পূর্ণচন্দ্র দে	8927153840
সত্ত্বেশ ভৌমিক	9832281234
নৃপেন চন্দা	9932119010
সঞ্জয় দে	9851785184

কোচবিহার ১ নং ব্লক পাটিশল্ল সমবায়
সমিতি লিমিটেড

গ্রাম - ঢালুয়াবাড়ি, পোস্ট - ঘুঘুমারি,
জেলা - কোচবিহার

যোগাযোগ- সঞ্জয় দে : 9851785184

Contact:

Nirmalya Roy 9903038904

rcchbengal@gmail.com

www.ruralcrafthub.com



রঞ্জাল ক্রাফট হাব
প্রকল্পের পাটনার

